গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা

"মুজিব বর্ষের প্রতিশ্রুতি
সেবা, ত্যাগ ও অগ্রগতি"

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.০৬.০০২.১৬(পার্ট-১) ৫৭০২ তারিখ: ১৬/০৫/১৪২৮ বঙ্গাব্দ
৩১/০৮/২০২১ খ্রিস্টাব্দ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের জুলাই-২০২১ মাসের কার্যাবলির উপর অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি: ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল
মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

তারিখ : ১২-০৮-২০২১ খ্রিঃ।

সময় : বেলা ১২.৩০ ঘটিকা।

স্থান : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা "পরিশিষ্ট-ক"।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অধিদপ্তরের সকল পরিচালক, প্রকল্প পরিচালক, উপপরিচালক, অধ্যক্ষ, ট্রেনিং কমপ্লেক্স, সহকারী পরিচালক (সদর দপ্তর) এবং উপপরিচালক, ঢাকা বিভাগসহ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতিতে আলোচ্য বিষয়ের বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ | বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | মুজিববর্ষ উদযাপন | সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী তথা মুজিববর্ষ উদযাপনে গৃহীত সকল কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নে সর্বোচ্চ মাত্রায় যত্নশীল হতে হবে এবং এর অংশ হিসেবে প্রতিটি বস্তি এলাকায় অগ্নিপ্রতিরোধ ব্যবস্থা ও দুর্ঘটনা সম্বন্ধে সচেতনতার নিমিত্ত সুবিধামত সময়ে বৃহৎ আকারে একটি মহড়ার আয়োজন করতে হবে। | পরিচালক (অপাঃ ও মেইনঃ) |
| ২. | প্রকল্পের অগ্রগতি ও পরিদর্শন | চলমান বিভিন্ন প্রকল্পের কাজগুলো দ্রুত সম্পূর্ণ করার পাশাপাশি নতুন কিছু প্রকল্প হাতে নেয়া হয়েছে। প্রকল্পগুলো হলো: (১) বঙ্গবন্ধু শেখ মুজিব ফায়ার একাডেমি স্থাপন, (২) কর্মকর্তা কর্মচারীদের জন্য বহুতল আবাসিক ভবন নির্মাণ, (৩) দেশের গুরুত্বপূর্ণ স্থানে ২৯টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন, (৪) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ১০টি বিশেষায়িত অগ্নিনির্বাপণ ও উদ্ধার ইউনিট স্থাপন, (৫) ঢাকা বিভাগের গুরুত্বপূর্ণ স্থানে ৪৪টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন, (৬) দেশের উত্তরাঞ্চলের (রাজশাহী, রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগ) গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৪৯টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন, (৭) দেশের দক্ষিণাঞ্চলের (চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগ) গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৬০টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন, (৮) অ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণ, (৯) জাতীয় দুর্যোগ মোকাবিলায় স্বেচ্ছাসেবক ইউনিট প্রকল্পসহ অন্যান্য প্রকল্পের ডিপিপি সুরক্ষা সেবা বিভাগে জরুরিভিত্তিতে প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক (সকল) ও পরিচালক (পঃ উঃ প্রঃ) |
| ৩. | ডুবুরি ইউনিট প্রকল্প | ডুবুরি ইউনিট প্রকল্পের মোট ৩৩ প্রকার সরঞ্জাম সংগ্রহের ডিপিপি সংশোধন প্রক্রিয়া চলমান আছে ও ৯টি আইটেম সরঞ্জাম ক্রয় কাজ বর্তমান অর্থবছরে সম্পন্ন করা হবে। গুণগত মান বজায় রেখে প্রকল্পসমূহ দ্রুততম সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | প্রকল্প পরিচালক ও পরিচালক (পঃ উঃ প্রঃ) |
| ৪. | মামলা নিষ্পত্তি | বিভাগীয় মামলাসমূহ যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক দ্রুততার সাথে নিষ্পত্তি করতে হবে। | পরিচালক (প্রশাঃ ও অর্থ) |
| ৫. | হাইড্রেন্ট পয়েন্ট স্থাপন | পুরাতন ঢাকাসহ সারাদেশের গুরুত্বপূর্ণ স্থানে অগ্নিকান্ড মোকাবিলায় পানির প্রাপ্যতা নিশ্চিতকল্পে সিটি কর্পোরেশন, ওয়াসাসহ সংশ্লিষ্টদের সাথে সমন্বয়পূর্বক হাইড্রেন্ট পয়েন্ট স্থাপনের কার্যকর ব্যবস্থা করতে হবে। | পরিচালক (অপাঃ ও মেইনঃ) |

| ক্রঃ | বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৬. | পেনশন সংক্রান্ত | পেনশন কেইস নিষ্পত্তিতে অধিদপ্তরের অর্জিত সুনাম বজায় রাখতে হবে। এ ব্যাপারে কল্যাণ কর্মকর্তাকে আরো উদ্যোগী হয়ে পেনশন কেইস দ্রুততার সাথে নিষ্পত্তি করতে হবে। | পরিচালক (প্রশাঃ ও অর্থ) |
| ৭. | প্রশিক্ষণ কেন্দ্রে দেয়াল তৈরি | বরিশাল, খুলনা ও রাজশাহী বিভাগে প্রশিক্ষণ প্রদানের সুবিধার্থে প্রশিক্ষণ কেন্দ্রের বাউন্ডারীর চারপাশে অগ্রাধিকার ভিত্তিতে বাউন্ডারী দেয়াল তৈরি করতে হবে। | পরিচালক (পঃ উঃ প্রঃ) |
| ৮. | বঙ্গবন্ধু শেখ মুজিব ফায়ার একাডেমি প্রস্তুত | বঙ্গবন্ধু শেখ মুজিব ফায়ার একাডেমির জমি অধিগ্রহণপূর্বক নির্ধারিত স্থানে প্রশিক্ষণ শেড তৈরি এবং প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (পঃ উঃ প্রঃ) |
| ৯. | অডিট আপত্তি | ২০১৭-২০১৮ অর্থবছরের ১২টি ও ২০১৮-১৯ অর্থবছরের ১৩টি অডিট আপত্তি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এগুলোর মধ্যে ২০১৭-২০১৮ অর্থবছরের ১২টি ও ২০১৮-১৯ অর্থবছরের ১০টি অডিট আপত্তি নিষ্পত্তির সুপারিশ করে অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে, যা নিষ্পত্তির অপেক্ষায় আছে। এছাড়া অবশিষ্ট ০৩টি অডিট আপত্তি ব্রডশীট জবাবসহ অডিট অধিদপ্তরে প্রেরণের জন্য মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। ২০১৭-২০১৮ ও ২০১৮-১৯ অর্থবছরের অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি এবং ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরের অডিট কার্যক্রম সম্পন্নকরণের জন্য অডিট অধিদপ্তরে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশাঃ ও অর্থ) |
| ১০. | ইনোভেশন কার্যক্রম | ইনোভেশন কার্যক্রম সম্পাদনে সুরক্ষা সেবা বিভাগের অধিদপ্তরসমূহের মধ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স একটি গ্রহণযোগ্য অবস্থা তৈরি করতে সক্ষম হয়েছে। ভবিষ্যতে এ বিষয়ে অধিক সফলতা লাভের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করে মাঠপর্যায়ে কার্যকর করতে হবে। | পরিচালক (সকল) |
| ১১. | বহিরাগত লোক প্রবেশ নিয়ন্ত্রণ | বৈশ্বিক মহামারি কোভিড-১৯ সংক্রমন প্রতিরোধে সেবাপ্রার্থী/দর্শনার্থীদের সীমিত করতে ভিতরে প্রবেশের অনুমতি প্রদানের পূর্বে আগমনের উদ্দেশ্য ও কোন কর্মকর্তার নিকট গমন করবেন তা নিশ্চিত এবং এ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/তার ব্যক্তিগত কর্মকর্তার নিকট থেকে অনুমতি নিতে হবে। | পরিচালক (অপাঃ ও মেইনঃ) |
| ১২. | **বিজ্ঞাপন ও বিজ্ঞপ্তি** | **দুর্যোগ/দুর্ঘটনা সম্পর্কে সচেতন**তা বৃদ্ধির লক্ষ্যে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার মাধ্যমে দুর্যোগ/দুর্ঘটনা প্রতিরোধে করণীয় প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (সকল) |
| ১৩. | ফায়ার সেফটি নিশ্চিতকরণ | সারাদেশের শিল্প প্রতিষ্ঠান, বহুতল ভবনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনায় ফায়ার সেফটি নিশ্চিতকল্পে নিয়মিত পরিদর্শন, সার্ভে, টপোগ্রাফি, গণসংযোগ, মহড়া, প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এছাড়া লাইসেন্স ও ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে অগ্নি নিরাপত্তা নিশ্চিত করতে হবে। | পরিচালক (অপাঃ ও মেইনঃ) এবং (প্রঃ, উঃ ও পঃ) |
| ১৪. | মালামাল ক্রয় | ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়যোগ্য মালামাল অবশ্যই ই-টেন্ডারে ক্রয় সম্পন্ন করতে হবে। এছাড়া কোটেশনের মাধ্যমে মালামাল ক্রয় নিরুৎসাহিত ও পিপিআর কঠোরভাবে অনুসরণ বাঞ্ছনীয়। | পরিচালক (সকল) |
| ১৫. | সাজসরঞ্জামের উপর প্রশিক্ষণের ব্যবস্থা | কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিকল্পে অগ্নিদুর্ঘটনা ও উদ্ধার কাজের সাজসরঞ্জাম ব্যবহারের উপর বিশেষ দক্ষতা অর্জনের নিমিত্ত অপারেশনাল কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণ এবং সকল অগ্নিনির্বাপণ সরঞ্জামাদি সঠিকভাবে ব্যবহার বিষয়ে সকলের অবহিত হওয়ার জন্য ব্যবহারিক অনুশীলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (অপাঃ ও মেইনঃ) |
| ১৬. | করোনা ভাইরাসের টিকা গ্রহণ | অধিদপ্তরসহ মাঠপর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে আগামী ৩১ আগষ্ট ২০২১ তারিখের মধ্যে বৈশ্বিক মহামারি করোনা ভাইরাসের টিকা গ্রহণ নিশ্চিতপূর্বক অধিদপ্তরকে অবহিত করতে হবে। | পরিচালক (সকল) |
| ১৭. | ফায়ার সপ্তাহ পালন | আগামী নভেম্বর/২০২১ মাসের ১ম/২য়/৩য় সপ্তাহের যে-কোনো দিন মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয় কর্তৃক নির্ধারিত তারিখে জাকজমকপূর্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ/২০২১ উদ্‌যাপিত হবে, এ উদ্দেশ্যে সকলের প্রয়োজনীয় পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে। | পরিচালক (সকল) |
| ১৮. | ফায়ার স্টেশনে জনবল প্রদান | নবনির্মিত সারাবো (গাজীপুর) মডার্ন ফায়ার স্টেশনে বিদ্যমান জনবল হতে জনবল সংযুক্তির মাধ্যমে কার্যক্রম চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাঃ ও অর্থ) |

| ক্রঃ | বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৯. | প্রশিক্ষণ সংক্রান্ত | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স এ নিযুক্ত প্রশিক্ষকগণ প্রশিক্ষণার্থীদেরকে সুষ্ঠু ও সুন্দরভাবে প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করবে এবং প্রশিক্ষকগণের কর্মকান্ড অধ্যক্ষ নিয়মিত তদারকি করবেন। | অধ্যক্ষ (টিসি) |
| ২০. | ওয়েলফেয়ার ট্রাস্ট এর কর্মকান্ড | ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট কর্তৃক প্রতিটি বিভাগীয়/জেলা/উপজেলা পর্যায়ে সাশ্রয়ী মূল্যে মানসম্মত অগ্নিনির্বাপণ সামগ্রী (ফায়ার এক্সটিংগুইশার) সংগ্রহ, সংরক্ষণ, পরিবহন, বিপণন করার লক্ষ্যে গঠিত কমিটিকে যথাসময়ে প্রতিবেদন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে সম্ভাব্যতা যাচাই পূর্বক পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। | পরিচালক (অপাঃ ও মেইনঃ) |

০২। সভায় অন্য কোন আলোচনা না থাকায় প্রত্যেকের উপর অর্পিত দায়ীত ও স্বাস্থ্যবিধি প্রতিপালন এবং গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

২৫/০৭/২০২১

ব্রিগেডিয়ার জেনারেল
মোঃ সাজ্জাদ হোসাইন, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, এমফিল
মহাপরিচালক।

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০০২.০৬.০০২.১৬(পার্ট-১) ৮৯০২ (৮০০)

তারিখ: ১৬/০৪/১৪২৮ বঙ্গাব্দ।
৩১/০৭/২০২১ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১. পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২. প্রকল্প পরিচালক (১৫৬/৪৬/১১ মডার্ন/সেফার প্রজেক্ট/ডুবুরি ইউনিট প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক (প্রশাঃ ও অর্থ/পরিকল্পনা কোষ/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/অপারেশন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৫. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৬. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ/ক্রয় ও স্টোর/অপারেশন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/পরিকল্পনা/উন্নয়ন/প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৭. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ..........................................................................(সকল)।
৮. সহকারী রক্ষণাবেক্ষন প্রকৌশলী, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৯. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,..........................................................................(সকল)।
১০. সহকারী যোগাযোগ প্রকৌশলী (বেতার), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১. ফোরম্যান, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১২. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
১৩. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, জোন- ১/ ২/ ৩/ ৪/ ৫/ ৬/ ৭/ ৮/ ৯।
১৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, মিডিয়া সেল/আইসিটি সেল/রিফর্ম সেল।
১৬. এমটিও, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৭. সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ..........................................(সকল)।
১৮. সুপার/সেকশন ইনচার্জ.........................................................................................., ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৯. এ অধিদপ্তরের গার্ড ফাইল/হিসাব/বাসাবরাদ্দ/নিয়োগ/বদলি/বিভাগীয় কল্যাণ তহবিল/আইসিটি সেল/রেকর্ড/এইচআরএম/ডাটাএন্ট্রি/এসিআর/ট্রেনিং/ছুটি/তদন্ত/অপারেশন/রেশন/পেনশন/ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট/বৈদেশিক ক্রয়/ক্রয় ও স্টোর/পত্র গ্রহণ ও বিতরণ/ওয়্যারহাউজ/পরিকল্পনা/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/ফায়ার এন্ড সেফটি সেল/নারী কল্যাণ শাখা।

২৫/০৭/২০২১

মোঃ ওহিদুল ইসলাম
উপপরিচালক (প্রশাঃ ও অর্থ)
ফোনঃ ০২২২৩৩৮৭৬৪০।